গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
প্রশাসন শাখা-১
www.rdcd.gov.bd

স্মারক নং-৪৭.০০.০০০০.০৩১.১৬.০১৪.২৪-১১৮৮

২০ অগ্রহায়ণ, ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ: ----------
০৫ ডিসেম্বর, ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: আইনের খসড়া পরীক্ষা-নিরীক্ষা সংক্রান্ত মন্ত্রিপরিষদ বিভাগের আন্ত:মন্ত্রণালয় কমিটির নিকট প্রণীতব্য/সংশোধিতব্য আইন/অধ্যাদেশের খসড়া প্রেরণ।

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-০৪.০০.০০০০.১১১.০২.০১৬.১৭-৪২০, তারিখ: ২৫/১১/২০২৪ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আইনের খসড়া পরীক্ষা-নিরীক্ষা সংক্রান্ত মন্ত্রিপরিষদ বিভাগের আন্ত:মন্ত্রণালয় কমিটির নিকট প্রণীতব্য/সংশোধিতব্য আইন/অধ্যাদেশের খসড়া প্রেরণ সংক্রান্ত পত্রটির ছায়ালিপি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত নির্দেশক্রমে এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

০৫/১২/২৪

(কল্যাণ চৌধুরী)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ +৮৮-০২-২২৩৩৫৫৫৭০
(e-mail: admin1.section@rdcd.gov.bd)

বিতরণ:

১. অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট)/(পরিকল্পনা ও উন্নয়ন)/(আইন ও প্রতিষ্ঠান/প্রতিষ্ঠান-২), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
২. যুগ্মসচিব (প্রশাসন ও বাজেট/আইন ও প্রতিষ্ঠান/পরিকল্পনা ও উন্নয়ন), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
৩. উপসচিব (সকল), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
৪. সিনিয়র সহকারী সচিব (সকল), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
৫. সহকারী সচিব (সকল), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
৬. চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (সিএএফও), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
৭. সিস্টেম এনালিস্ট, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ। ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।
৮. প্রোগ্রামার, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
৯. সহকারী প্রোগ্রামার, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
১০. সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
১১. হিসাবরক্ষণ কর্মকর্তা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়। মাননীয় উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য।
২. সচিবের একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ। সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
৩. অফিস কপি।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
আইন অনুবিভাগ
www.cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.১১১.০২.০১৬.১৭.৪২৯

তারিখ: ১০ অগ্রহায়ণ ১৪৩১ / ২৫ নভেম্বর ২০২৪

বিষয়: আইনের খসড়া পরীক্ষা-নিরীক্ষা সংক্রান্ত মন্ত্রিপরিষদ বিভাগের আন্ত:মন্ত্রণালয় কমিটির নিকট প্রণীতব্য/সংশোধিতব্য আইন/অধ্যাদেশের খসড়া প্রেরণ।

সূত্র: ১। মাননীয় প্রধান উপদেষ্টার অনুশাসন; তারিখ: ১৮ নভেম্বর ২০২৪
২। উপদেষ্টা পরিষদ বৈঠকের সিদ্ধান্ত; নম্বর:০৪.০০.০০০০.৩১১.০৬.১১৩.২৪.৬২৮(৫৪); তারিখ: ২১/১১/২৪
৩। মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.১১২.০৯.১৬.১৭.৬৫; তারিখ: ০৭ মার্চ ২০১৮

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ বিভাগে আইনের খসড়া পরীক্ষা-নিরীক্ষাপূর্বক মতামত প্রদান সংক্রান্ত একটি আন্ত:মন্ত্রণালয় কমিটি রয়েছে। কমিটির নিকট বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের প্রণীতব্য/সংশোধিতব্য ৮৬টি আইনের খসড়া বিবেচনাধীন ছিল যা অন্তর্বর্তীকালীন সরকার গঠনের পর সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে ফেরত প্রদান করা হয়েছে।

২। সচিবালয় নির্দেশমালা, ২০২৪ এ ২২৮ নং নির্দেশ অনুযায়ী আইন প্রণয়নের যে কোন উদ্যোগ মন্ত্রিসভা/উপদেষ্টা পরিষদের সভায় নীতিগত অনুমোদনের জন্য উপস্থাপনের পূর্বে মন্ত্রিপরিষদ বিভাগের আইনের খসড়া যাচাই বাছাই সংক্রান্ত আন্ত:মন্ত্রণালয় কমিটি কর্তৃক পরীক্ষা-নিরীক্ষার জন্য মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের বাধ্যবাধকতা রয়েছে।

৩। অন্তর্বর্তীকালীন সরকারের মেয়াদে মন্ত্রণালয়/বিভাগসমূহের আইন/অধ্যাদেশ প্রণয়নের প্রয়োজনীয়তা থাকলে খসড়া আইন/অধ্যাদেশসমূহ মন্ত্রিপরিষদ বিভাগের আইনের খসড়া পরীক্ষা-নিরীক্ষা সংক্রান্ত আন্ত:মন্ত্রণালয় কমিটি কর্তৃক পরীক্ষা-নিরীক্ষা অন্তে উপদেষ্টা পরিষদ-বৈঠকে উপস্থাপনের জন্য মাননীয় প্রধান উপদেষ্টা বিগত ১৮ নভেম্বর ২০২৪ তারিখে অনুশাসন প্রদান করেছেন।

৪। বিগত ২০ নভেম্বর ২০২৪ তারিখে অনুষ্ঠিত অন্তর্বর্তীকালীন সরকারের উপদেষ্টা পরিষদ-বৈঠকে আলোচনান্তে এ বিষয়ে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়েছে:-

> "সিদ্ধান্ত: ২২। অন্তর্বর্তীকালীন সরকারের মেয়াদে মন্ত্রণালয়/বিভাগসমূহের আইন/অধ্যাদেশ প্রণয়নের প্রয়োজনীয়তা থাকিলে উল্লিখিত খসড়া আইন/অধ্যাদেশসমূহ উপদেষ্টা পরিষদ-বৈঠকে উপস্থাপনের পূর্বে মন্ত্রিপরিষদ বিভাগের আইনের খসড়া পরীক্ষা-নিরীক্ষা সংক্রান্ত সংশ্লিষ্ট কমিটি কর্তৃক পরীক্ষা-নিরীক্ষা করিবার উদ্দেশ্যে মন্ত্রণালয়/বিভাগসমূহ আইন/অধ্যাদেশের খসড়া মন্ত্রিপরিষদ বিভাগের সংশ্লিষ্ট কমিটির নিকট প্রেরণ করিবে।"

৫। এমতাবস্থায়, মাননীয় প্রধান উপদেষ্টার সদয় অনুশাসন এবং উপদেষ্টা পরিষদ-বৈঠকের সিদ্ধান্ত মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।



২৫.১১.২০২৪
জাহেদা পারভীন
অতিরিক্ত সচিব
ফোন: ৫৫১০১৩৩০
ই-মেইল: addl Irw@cabinet.gov.bd

১। প্রধান উপদেষ্টার মুখ্য সচিব
২। সিনিয়র সচিব/সচিব (সকল)
.....পল্লী উন্নয়ন ও সমবায়.....মন্ত্রণালয়/বিভাগ

অনুলিপি:
১। অতিরিক্ত সচিব, মন্ত্রিসভা ও রিপোর্ট, মন্ত্রিপরিষদ বিভাগ
২। যুগ্মসচিব, ই-গভর্নেন্স, মন্ত্রিপরিষদ বিভাগ (পত্রটি মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের জন্য)
৩। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব (উপসচিব), মন্ত্রিপরিষদ বিভাগ, (মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৪। ব্যক্তিগত কর্মকর্তা, আইন অনুবিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
আইন-১ অধিশাখা
www.cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.১১১.০৪.০৭৯(২).১৯.২৭৪

তারিখ: ১২ভাদ্র ১৪৩১ / ২৭ আগস্ট ২০২৪

বিষয়: আইনের খসড়া পরীক্ষা-নিরীক্ষাপূর্বক মতামত প্রদান সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় কমিটিতে প্রেরিত আইনের খসড়া ফেরত প্রদান।

মন্ত্রিপরিষদ বিভাগের আইনের খসড়া পরীক্ষা-নিরীক্ষাপূর্বক মতামত প্রদান সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় কমিটি কর্তৃক পর্যালোচনা/সুপারিশের জন্য নিম্নবর্ণিত আইনের খসড়া এ বিভাগে প্রেরণ করা হয়:-

ক্রমিক	আইনের শিরোনাম
০১.	সমবায় সমিতি (সংশোধন), আইন ২০২৩
০২.	শেখ জহুরুল হক পরী উন্নয়ন একাডেমি, যশোর আইন, ২০২৩
০৩.	পল্লী উন্নয়ন (সংশোধন) আইন, ২০২৪

০২। অন্তর্বর্তীকালীন সরকার গঠনের প্রেক্ষিতে খসড়া বিলসমূহ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সঙ্গে ফেরত প্রদান করা হলো।

২৭/০৮/২৪

তানভীর আহমেদ
উপসচিব
ফোনঃ ০২২২৩৩৫৪৫৩৯
ই-মেইল: law_secl@cabinet.gov.bd

সচিব
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

১। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব (যুগ্মসচিব), মন্ত্রিপরিষদ বিভাগ (মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২। ব্যক্তিগত কর্মকর্তা, আইন অনুবিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
আইন-৪ শাখা
www.cabinet.gov.bd

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ কর্তৃক প্রস্তাবিত 'পল্লী উন্নয়ন আইন, ২০২৪' খসড়ার বিষয়ে 'আইনের খসড়া পরীক্ষা-নিরীক্ষাপূর্বক মতামত প্রদান সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় কমিটি'র প্রথম সভার কার্যবিবরণী

সভাপতি	:	জনাব জাহেদা পারভীন অতিরিক্ত সচিব, আইন অনুবিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ
তারিখ ও সময়	:	০১ আগস্ট ২০২৪, সকাল: ১০.৩০ টা
সভার স্থান	:	কক্ষ নম্বর ২২, নিচতলা, মন্ত্রিপরিষদ বিভাগ
উপস্থিত সদস্যগণের তালিকা	:	পরিশিষ্ট 'ক'।

সভায় উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়। অতঃপর কমিটির সদস্য সচিব কর্তৃক পল্লী উন্নয়ন আইন, ২০২৪ এর খসড়া সভায় উপস্থাপন করা হয়। সভায় উপস্থিত উদ্যোগী বিভাগের প্রতিনিধি ও কমিটির সদস্যবৃন্দ আইনের খসড়া নিয়ে বিস্তারিত আলোচনা করেন।

উদ্যোগী বিভাগের প্রতিনিধি বলেন পল্লী উন্নয়ন ও দারিদ্র্য বিমোচনে ১৯৭২ সালে সমন্বিত পল্লী উন্নয়ন কর্মসূচী (আইআরডিপি) সারাদেশে প্রবর্তন করা হয়। অতঃপর Bangladesh Rural Development Board Ordinance, 1982 এর অধীনে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড প্রতিষ্ঠিত হয়। পরবর্তীতে Bangladesh Rural Development Ordinance, 1982 রহিতক্রমে সময়োপযোগী করে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড আইন, ২০১৮ প্রণয়ন করা হয়। তিনি আরো বলেন বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড-এর কর্মকর্তা-কর্মচারীদের বেতন-ভাতাসহ সকল পরিচালন ব্যয় সরকারের রাজস্ব খাত থেকে নির্বাহ করা হয়। তিনি জানান পল্লী উন্নয়ন বোর্ডকে অধিদপ্তরে রূপান্তর করার উদ্দেশ্যে ২০১৮ সালের আইনে সংশোধন আনার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। তিনি আরো জানান জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক ২০১৩ সালে বিআরডিবি'কে অধিদপ্তরে রূপান্তরে সম্মতি প্রদান করা হয়। অর্থ বিভাগ ২০১৪ সালে বিআরডিবি'কে অধিদপ্তরে রূপান্তরের বিষয়ে সিদ্ধান্ত প্রদান করে। পরবর্তীতে Bangladesh Rural Development Board Ordinance, 1982 রহিত করে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড আইন, ২০১৮ প্রণয়ন করা হলেও বিআরডিবি'কে অধিদপ্তরে রূপান্তরের বিষয়ে কোন ব্যবস্থা গ্রহণ করা হয়নি। প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটি কর্তৃক বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডকে অধিদপ্তরে রূপান্তরের জন্য বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড আইন, ২০১৮ সংশোধনের উদ্যোগ গ্রহণের জন্য নির্দেশনা পাওয়া গেছে, তবে সে প্রক্রিয়া সম্পন্ন হয়নি বলে উদ্যোগী বিভাগের প্রতিনিধি জানান।

২.০ বিদ্যমান কোন দপ্তর, সংস্থা বা বোর্ডকে অধিদপ্তরে উন্নীতকরণ Allocation of Business Among the different Ministries and Divisions (Schedule 1 of the Rules of Business, 1996) (Revised up to February 2024) অনুযায়ী জনপ্রশাসন মন্ত্রণালয়ের এখতিয়ারভুক্ত। আলোচ্য ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে প্রাপ্ত সম্মতির প্রেক্ষিতে পরবর্তী পদক্ষেপগুলো সম্পন্ন করা হয়নি।

৩.০ কমিটির পর্যালোচনা ও সুপারিশ:

Allocation of Business অনুযায়ী বিদ্যমান বিআরডিবি'কে অধিদপ্তরে রূপান্তরের প্রক্রিয়া সম্পন্ন করাই অধিকতর যৌক্তিক হবে বলে সদস্যগণ অভিমত ব্যক্ত করেন। আইন সংশোধনের মাধ্যমে বিদ্যমান দপ্তর/সংস্থাকে অধিদপ্তরে উন্নীতকরণ না করে Rules of Business অনুযায়ী কার্যক্রম গ্রহণ করা সমীচীন হবে বলে সভায় সুপারিশ গৃহীত হয়। তবে আইনে অন্যান্য ক্ষেত্রে সংশোধনের প্রয়োজন থাকলে সে অনুযায়ী প্রস্তাব মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা যেতে পারে।

৪.০ পরিশেষে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০৪.০৮.২০২৪

জাহেদা পারভীন
অতিরিক্ত সচিব (আইন)
মন্ত্রিপরিষদ বিভাগ
ও
সভাপতি
আইনের খসড়া পরীক্ষা-নিরীক্ষাপূর্বক মতামত
প্রদান সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় কমিটি

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.১১৬.২২.০০৩.২৪.৭০

তারিখঃ ২০ শ্রাবণ ১৪৩১
০৪ আগস্ট ২০২৪

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) যুগ্মসচিব (আইন), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩) যুগ্মসচিব, সিআর অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪) যুগ্মসচিব, লেজিসলেটিভ সাপোর্ট অনুবিভাগ, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়
৫) যুগ্মসচিব, বাজেট-৪ অধিশাখা, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬) যুগ্মসচিব, (ড্রাফটিং-১), লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭) মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব (যুগ্মসচিব), মন্ত্রিপরিষদ বিভাগ (মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮) উপসচিব/সিনিয়র সহকারী সচিব, আইন-১/২/৩ অধিশাখা/শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯) বিশেষজ্ঞ, অনুবাদ উপকোষ, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০) অতিরিক্ত সচিব (আইন অনুবিভাগ) এর ব্যক্তিগত কর্মকর্তা, মন্ত্রিপরিষদ বিভাগ (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৪/৮/২০২৪

(এস. এম. মুনিম লিংকন)
সিনিয়র সহকারী সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ
ফোন: ৫৫১০১১৯১